



প্রফেসর শিরিন বেগম

অধ্যক্ষ

সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ

অধ্যক্ষের বাণী

প্রাচীন ঐতিহ্যে মণ্ডিত নারায়ণগঞ্জ জেলার অন্যতম একটি বিদ্যা শিক্ষা মন্দির, কৃতিত্বপূর্ণ ফলাফলের অধিকারী সরকারি তোলারাম কলেজ। প্রাচ্যের ডান্ডি খ্যাত ইতিহাস, ঐতিহ্য ও সাংস্কৃতির চারণভূমি নারায়ণগঞ্জের এই মহাবিদ্যালয়ের জন্ম ১৯৩৭ সালে। দীর্ঘ প্রায় ৭৩ বছর পূর্বে একটি ছোট্ট পরিসরে যার সূচনা হয়েছিল। আজ এ পরিসরকে ঘিরে বহু জ্ঞান অশেষী তরণ-তরণীর পদভারে কম্পিত এর প্রাঙ্গন। এ প্রতিষ্ঠান থেকে অগণিত শিক্ষার্থী শিক্ষা গ্রহণ শেষে বাস্তব জীবন এবং কর্মক্ষেত্রে তাদের মেধা ও মননের স্বাক্ষর রেখে যাচ্ছে। পদার্পন করছে জ্ঞানের প্রসার ঘটিয়ে বৃহত্তর কর্মময় জীবনে।

সরকারি তোলারাম কলেজের একটি নিজস্ব ওয়েব সাইট চালু করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। জ্ঞান বিকাশের লক্ষ্যে পড়াশুনা এবং পড়াশুনার বাইরে অন্যান্য সৃজনশীল কর্মকাণ্ডে কলেজের এই ওয়েব সাইট শিক্ষার্থীদের নিয়ে যাবে এক নতুন স্রোত ধারায়। তারা একদিন অবশ্যই বিশ্বমাঝে নিজেদেরকে প্রতিষ্ঠিত করবে বিশ্বায়নের এ মাহেন্দ্রক্ষণে।

শিক্ষার মানোন্নয়ন এবং বৈশ্বিক চাহিদার প্রেক্ষিতে তথ্য প্রযুক্তির ব্যবহার আজ সর্বজনস্বীকৃত। 'ভিশন-২০২১' এর সুদীর্ঘ পথ পরিক্রমায় সমৃদ্ধশালী ডিজিটাল বাংলাদেশ গড়তে এই ক্ষুদ্র প্রচেষ্টা সহায়ক ভূমিকা পালন করবে - আমাদের এই প্রত্যাশা। আলোকিত মানুষ হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার লক্ষ্যে এই ওয়েব সাইট আলোক বর্তিকা হয়ে নতুন দিনের নতুন ধারা রচনা করবে - এ প্রয়াসটুকু সফল করার প্রত্যাশা নিয়ে এগিয়ে যেতে হবে। তাহলেই সার্থক হবে আমাদের দিন বদলের পালা।